**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঐতিহাসিক ডিসেম্বর ঝড়ে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহের জন্য ফেডারেল সহায়তা নিশ্চিত করতে রাষ্ট্রপতি বাইডেনের কাছে একটি মুখ্য দুর্যোগ ঘোষণার অনুরোধ করলেন

***ঘোষণা ইরি, জিনেসি, নায়াগ্রা, সেইন্ট লরেন্স এবং সাফোক কাউন্টির স্থানীয় সরকারসমূহের জন্য ফেডারেল দুর্যোগ সহায়তা প্রদান করবে; এছাড়াও ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহে অন্ত্যেষ্টিক্রিয়ার সহায়তা ও সঙ্কটকালীন কাউন্সেলিং প্রদান করবে***

***ওয়েস্টার্ন নিউ ইয়র্কের ঐতিহাসিক তুষারঝড় থেকে শুরু করে লং আইল্যান্ডে বন্যা সৃষ্টিকারী তীব্র বাতাস ও ভারী বৃষ্টিপাত মিলিয়ে, 2022 সালের ডিসেম্বর মাসের শেষের দিকের প্রলয়ঙ্কর শীতকালীন ঝড় ব্যাপক ক্ষয়ক্ষতি করেছে***

***সাড়াদান ও উদ্ধার কর্মকাণ্ডের জন্য প্রাথমিক সমর্থন প্রদান করার জন্য গভর্নর হোকল এর পূর্বে 26 ডিসেম্বর একটি ফেডারেল জরুরি ঘোষণা নিশ্চিত করেছেন***

গভর্নর ক্যাথি হোকল আজকে বিপর্যয়কারী ডিসেম্বরের শেষের দিকের ঝড়, যার ফলে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে ঐতিহাসিক তুষারঝড় এবং লং আইল্যান্ডে উল্লেখযোগ্য উপকূলীয় বন্যাও হয়েছে, তাতে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহের চলমান পুনরুদ্ধারকে সমর্থন করার জন্য রাষ্ট্রপতি বাইডেনের কাছে একটি মুখ্য দুর্যোগ ঘোষণার (Major Disaster Declaration) অনুরোধ করেছেন। অনুমোদিত হলে ঘোষণাটি ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, নর্থ কান্ট্রি এবং লং আইল্যান্ডের সম্প্রদায় ক্ষয়ক্ষতি ও কিছু সাড়াদান কর্মকাণ্ডের ব্যয়পূরণ করতে ফেডারেল সহায়তা প্রদান করবে। এছাড়াও গভর্নর ইরি ও নায়াগ্রা কাউন্টির বাসিন্দাদের জন্য অন্ত্যেষ্টিক্রিয়ার খরচ ও সঙ্কটকালীন কাউন্সেলিংয়ের জন্য সরাসরি তহবিলের অনুরোধ করছেন। ছয় দিনের ঘটনাটি জুড়ে সাড়াদান ও উদ্ধার কর্মকাণ্ড সমর্থন করার জন্য 26 ডিসেম্বরে গভর্নর হোকলের নিশ্চিত করা একটি ফেডারেল জরুরি ঘোষণা (federal Emergency Declaration) দ্বারা ইতিমধ্যে প্রাপ্ত ফেডারেল সহায়তাকে এই প্রচেষ্টা আরো অগ্রসর করবে।

"ডিসেম্বরের শেষের দিকে আমাদের স্টেটে যে বিপর্যয়কারী শীতকালীন ঝড় আঘাত হেনেছিলো তা দ্বারা ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহকে সমর্থন করার জন্য একটি মুখ্য দুর্যোগ ঘোষণা নিশ্চিত করার জন্য আমি রাষ্ট্রপতি বাইডেনের কাছে একটি আনুষ্ঠানিক অনুরোধ জমা দিয়েছি,"

**গভর্নর হোকল বলেন।** "প্রজন্মে একবার আসে এমন ঝড় থেকেই পুনরুদ্ধারের জন্য নিউ ইয়র্কবাসীকে সাহায্য করতে আমার প্রশাসনের চলমান প্রচেষ্টাকে ফেডারেল সহায়তা সমর্থন করবে।"

একটি মুখ্য দুর্যোগ ঘোষণা ফেডারেল সরকার থেকে আর্থিক সহায়তা নিশ্চিত করে, যা মূলত পাওয়া যায় [ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA)] সরকারি সহায়তা কর্মসূচি (Public Assistance Program) থেকে এবং এটি রাবিশ অপসারণ, সুরক্ষা ব্যবস্থা, এবং ভবন ও রাস্তা, ব্রিজ, পানি ও বর্জ্যপানি পরিশোধন ফ্যাসিলিটির মতো অবকাঠামো ও অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর সাইট, স্কুল, পার্ক ও অন্যান্য ফ্যাসিলিটি মেরামতের জন্য সরকার ও উপযুক্ত অলাভজনক সংগঠনসমূহকে তহবিল প্রদান করবে।

একটি দুর্যোগের পরবর্তীতে, স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services, DHSES) দুর্যোগ পুনরুদ্ধার ইউনিট দুর্যোগের ফলে সৃষ্ট ক্ষয়ক্ষতি ও ব্যয় যাচাই করতে সরাসরি ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সির পরিপূরকের সাথে এবং ক্ষতিগ্রস্ত স্থানীয় সরকারের সাথে কাজ করে। যাচাইয়ের কাজ শেষ হলে, স্টেট এবং ক্ষতিগ্রস্ত কাউন্টিগুলি আবশ্যিক ফেডারেল ক্ষয়ক্ষতির সীমা অতিক্রম করেছে কিনা FEMA তার সত্যতা প্রতিপন্ন করে। এই প্রক্রিয়ার পর, গভর্নর রাষ্ট্রপতির কাছে একটি মুখ্য দুর্যোগ ঘোষণার অনুরোধ করেন।

যেহেতু ক্ষয়ক্ষতি যাচাই প্রক্রিয়া এখন সম্পূর্ণ হয়েছে, তাই গভর্নর হোকল বিশেষভাবে অনুরোধ করছেন:

- **ইরি, জিনেসি, নায়াগ্রা, সেইন্ট লরেন্স** এবং **সাফোক** কাউন্টির জন্য সরকারি সহায়তা যার মধ্যে থাকবে স্থানীয়দেরকে তুষার অপসারণ কর্মকাণ্ডের ব্যয়পূরণ করে দেওয়ার জন্য **ইরি, জিনেসি, নায়াগ্রা, সেইন্ট লরেন্স** এবং **সাফোক** কাউন্টির জন্য তুষার সহায়তা।
- **ইরি** ও **নায়াগ্রা** কাউন্টির বাসিন্দাদের জন্য বাড়তি অন্ত্যেষ্টিক্রিয়ার সহায়তা ও সঙ্কটকালীন কাউন্সেলিং।

**স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেন,** "ঐতিহাসিক এই তুষারঝড়টি একটি স্টেটব্যাপী ঘটনা হিসেবে শুরু হয় এবং এর জন্য তুষার, বরফ, তীব্র বাতাস ও চরম ঠাণ্ডা বায়ুপ্রবাহের জটিল একটি পূর্বাভাস এসেছিলো। এই অবস্থার কারণে বাফেলো এলাকায় প্রায় দুই দিনব্যাপী একটি তুষারঝড় শুরু হয় যা পূর্বে অবস্থিত জরুরি সাড়াদানকারী, স্নোপ্লাও, এবং ইউটিলিটি কর্মীদের জন্য মোকাবেলা করা বিপজ্জনক হয়ে যায়। ঘটনায় জড়িত থাকা আমাদের জরুরি সাড়াদান অংশীদারদের সাথে মিলে কাজ করতে পেরে আমাদের দল গর্বিত এবং আমি আমাদের সম্প্রদায়ের পুনরুদ্ধারে সাহায্য করতে গভর্নর হোকলের সাথে কাজ অব্যাহত রাখতে উন্মুখ।"

ওয়েস্টার্ন নিউ ইয়র্কের ইরি কাউন্টিতে টানা 37 ঘণ্টা তুষারঝড়ের মতো পরিস্থিতি ছিলো, যা 5,000 ফুট কম উচ্চতার স্থান বিবেচনা করলে মার্কিন যুক্তরাষ্ট্রের দীর্ঘতম রেকর্ড, এবং নায়াগ্রা কাউন্টিতে রেকর্ড ভাঙ্গা পরিমাণ তুষারপাত হয়েছে। প্রায় দুই দিন ধরে ভারী তুষার ও তীব্র বাতাসের কারণে কোনও কিছু দৃশ্যমান ছিলো না, এই পরিস্থিতি আরো জটিল হয়ে উঠে চরম ঠাণ্ডা ও বিদ্যুৎ বিভ্রাট দ্বারা। ঝড়ের চূড়ান্ত সময়ে, 80,000 এর বেশি গৃহস্থালিতে বিদ্যুৎ ছিলো না। নিউ ইয়র্ক স্টেট এজেন্সির কর্মীরা ঝড়ের সময়জুড়ে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে 650 এর বেশি উদ্ধারকাজ করে এবং স্থানীয় কর্মকর্তারা আরো কয়েকশত উদ্ধারকাজ করে। নিউ ইয়র্কের জরুরি সাড়াদানকারীদের বীরোচিত প্রচেষ্টার পরেও, ইরি কাউন্টির 46 বাসিন্দা এবং নায়াগ্রা কাউন্টির 1 বাসিন্দা মর্মান্তিকভাবে প্রাণ হারিয়েছেন।

লং আইল্যান্ডে, ঝড়ের কারণে হওয়া তীব্র বাতাস ও ভারী বৃষ্টিপাত সাফোক কাউন্টিতে ব্যাপক বিস্তৃত উপকূলীয় বন্যার কারণ হয়েছে, যার ফলে রাবিশ ক্ষতি দেখা গেছে এবং ক্ষতিগ্রস্ত অবকাঠামোর কারণে বিদ্যুৎ বিভ্রাট হয়েছে। এছাড়াও উল্লেখযোগ্যভাবে জোয়ারের পানি বৃদ্ধি পাওয়ার ফলে এলাকায় উপকূলীয় ক্ষয় হয়েছে।

শীতকালীন ঝড়েরপূর্বে, গভর্নর হোকল 23 ডিসেম্বর স্টেটব্যাপী একটি জরুরি অবস্থা ঘোষণা করেছিলেন। ঝড়ের আগের সপ্তাহে, DHSES এবং অন্যান্য স্টেট এজেন্সি জাতীয় আবহাওয়া সেবা ও স্থানীয় সরকারসমূহের সাথে নিয়মিত যোগাযোগ রেখেছে। DHSES এর জরুরি ব্যবস্থাপনা অফিস (Office of Emergency Management) ও অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অফিস (Office of Fire Prevention and Control), স্টেটের পরিবহন বিভাগ (State Department of Transportation), থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority), স্টেট পুলিশ (State Police), পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation) এবং পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation) ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, এবং নর্থ কান্ট্রির এলাকাসমূহে ঝড়ের পূর্বেই সংস্থান মোতায়েন করে রেখেছিলো। অতিমাত্রায় ক্ষতিগ্রস্ত এলাকাসমূহে বাড়তি স্টেট সংস্থানের ব্যবস্থা করা হয়েছিলো, যার মধ্যে ছিলো মোট 800 এর বেশি ন্যাশনাল গার্ড সৈন্য।

**ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে**
নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস দুর্যোগ ও অন্যান্য জরুরি অবস্থা প্রতিরোধ, সুরক্ষা, প্রস্তুতি, প্রতিক্রিয়া, পুনরুদ্ধার এবং প্রশমিত করার ক্ষেত্রে নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে থাকে। আরো তথ্য জানতে, ফেসবুক-এ আমাদের দেখুন, টুইটার বা ইন্সটাগ্রাম-এ আমাদের অনুসরণ করুন অথবা আমাদের ওয়েবসাইট ভিজিট করুন।

###